গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রোগ নিয়ন্ত্রণ শাখা
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।

স্মারক নং- স্বাঃ/অধিঃ/রোনিঃ/আইএইচআর/কোভিড-১৯/২০২০/ ১৮৫ তারিখ: ২৩ /০১/২০২১ খ্রিঃ

বিষয়ঃ যুক্তরাজ্য থেকে আগত যাত্রীদের কোয়ারেন্টিন ব্যবস্থা পুনর্মূল্যায়ন প্রসঙ্গে।

আপনি ইতোমধ্যে অবগত আছেন যে, যুক্তরাজ্যে নতুন ধরনের করোনা ভাইরাসের সংক্রমন দেখা দিয়েছে। বিশেষ সতর্কতা স্বরূপ যুক্তরাজ্য থেকে আগত সকল যাত্রীদের বাধ্যতামূলক প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টিন করা হচ্ছে। এমতাবস্থায় যথাযথ কর্তৃপক্ষের নির্দেশক্রমে আগামী ২৪ জানুয়ারি ২০২১ এর পরে-আগে বা ঐ দিন যুক্তরাজ্য থেকে আগত সকল যাত্রীদের জন্য পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত নিম্নরূপ পরিবর্তিত ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ নির্দেশনা ২৪ জানুয়ারি ২০২১ (০০:০১ ঘটিকা) থেকে কার্যকর হবে।

১. যুক্তরাজ্য থেকে আগত সকল যাত্রীদের সরকার নির্ধারিত হোটেলে কমপক্ষে সাত (০৭) দিনের জন্য বাধ্যতামূলক প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টিনের ব্যবস্থা গ্রহণ করা হবে। হোটেলের যাবতীয় খরচ যাত্রী নিজে বহন করবেন। কোন যাত্রী হোটলে থাকতে অপারগ হলে সরকারি ব্যবস্থাপনায় নির্ধারিত সেন্টারে প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টিন করা হবে।

২. সাত(০৭) দিন পর কোভিড-১৯ পিসিআর পরীক্ষার জন্য নমুনা প্রেরণ করা হবে। কোভিড-১৯ পিসিআর পরীক্ষার ফলাফল নেগেটিভ হলে মোট ১৪ দিন কোয়ারেন্টিন সম্পন্ন করার জন্য প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টিন থেকে হোম কোয়ারেন্টিনে প্রেরণ করা হবে ।

৩. কোভিড-১৯ পিসিআর পরীক্ষার ফলাফল পজিটিভ হলে প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টিন থেকে সরকার নির্ধারিত হাসপাতালে আইসোলেশনে প্রেরণ করা হবে। হাসপাতালের যাবতীয় খরচ যাত্রী নিজে বহন করবেন।

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১। বিমান বন্দর স্বাস্থ্য কর্মকর্তা, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর।
২। বন্দর স্বাস্থ্য কর্মকর্তা, চট্টগ্রাম
৩। সিভিল সার্জন (বন্দর সংশ্লিষ্ট সকল জেলা)
৪। ইনচার্জ, হজ্জক্যাম্প কোয়ারেন্টিন কেন্দ্র/ দিয়াবাড়ি কোয়ারেন্টিন কেন্দ্র, উত্তরা, ঢাকা।

23/01/2021

অধ্যাপক ডাঃ মোঃ নাজমুল ইসলাম
লাইন ডাইরেক্টর, সিডিসি
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

অনুলিপি সদয় আবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মাননীয় প্রধানমন্ত্রীর মুখ্য সচিব (দৃষ্টি আঃ মাননীয় প্রধানমন্ত্রীর মুখ্য সচিবের একান্ত সচিব), মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় ।
২। মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (দৃষ্টি আঃ মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব)।
২। সিনিয়র সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, ঢাকা (দৃষ্টি আঃ সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব)।
৩। পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (দৃষ্টি আঃ সচিব মহোদয়ের একান্ত সচিব)।
৪। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (দৃষ্টি আঃ সচিব মহোদয়ের একান্ত সচিব)।
৫। সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (দৃষ্টি আঃ সচিব মহোদয়ের একান্ত সচিব)।
৬। সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (দৃষ্টি আঃ সচিব মহোদয়ের একান্ত সচিব)।
৭। চেয়ারম্যান, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, কুর্মিটোলা, ঢাকা।
৮। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা।
৯। মহাপরিচালক, নৌ-পরিবহন অধিদপ্তর, ঢাকা।
১০। স্থল বন্দর কর্তৃপক্ষ (সকল)।

১১। অপারেশন ও পরিকল্পনা পরিদপ্তর, সশস্ত্র বাহিনী বিভাগ, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়।
১২। অতিরিক্ত মহাপরিচালক ( প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর।
১৩। অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), স্বাস্থ্য অধিদপ্তর।
১৪। পরিচালক, আন্তর্জাতিক বিমান বন্দর।
১৫। পরিচালক, রোগ নিয়ন্ত্রণ শাখা ও লাইন ডাইরেক্টর, সিডিসি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১৬। লাইন ডাইরেক্টর/ পরিচালক (সকল), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১৭। পরিচালক, আইইডিসিআর
১৮। পরিচালক, স্বাস্থ্য ( সকল বিভাগ)
১৯। ডাঃ মোহাম্মদ ইউনুস, পরিচালক (ওএসডি), চীফ অব সিএসআইএস, মনিটরিং সেল এন্ড কন্ট্রোল রুম, স্বাস্থ্য অধিদপ্তর।
২০। পরিচালক, কুয়েত-বাংলাদেশ-মৈত্রী সরকারী হাসপাতাল, উত্তরা, ঢাকা
২১। ইনচার্জ, হজ্জক্যাম্প কোয়ারেন্টিন কেন্দ্র /দিয়াবাড়ী কোয়ারেন্টিন কেন্দ্র
২২। বিশেষ পুলিশ সুপার, ইমিগ্রেশন (প্রশাসন), স্পেশাল ব্রাঞ্চ, বাংলাদেশ পুলিশ, ঢাকা।
২৩। ডাঃ সাইফুল ইসলাম, উপ-পরিচালক (ওএসডি) ও স্বাস্থ্য বিভাগীয় প্রধান সমন্বয়ক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
২৪। সহকারী পরিচালক, সিডিসি ও প্রোগ্রাম ম্যানেজার, আইএইচআর, রোগ নিয়ন্ত্রণ শাখা, স্বাস্থ্য অধিদপ্তর।
২৫। বিমান বন্দর স্বাস্থ্য কর্মকর্তা, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
২৬। সিভিল সার্জন (বন্দর সংশ্লিষ্ট সকল জেলা)
২৭। এভিয়েশন জনস্বাস্থ্য বিশেষজ্ঞ, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
২৮। চেয়ারম্যান, এয়ার লাইন অপারেটর কমিটি, ঢাকা।
২৯। অফিস কপি।

20/1/2021